

রাকসু হল সংসদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ৩৯ জন নির্বাচিত

রাবি প্রতিনিধি

১৪ সেপ্টেম্বর ২০২৫, ১০:৫৪ পিএম



রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) হল সংসদ নির্বাচনে মোট ৩৯ জন প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। আজ রবিবার বিশ্ববিদ্যালয়ের নির্বাচন কমিশন এ তথ্য নিশ্চিত করেছে।

বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিতদের মধ্যে রয়েছেন—বিজয়-২৪ হলে ৩ জন, ময়ুজান হলে ১ জন, রোকেয়া হলে ৬ জন, তাপসী রাবেয়া হলে ৩ জন, বেগম খালেদা জিয়া হলে ১০ জন, রহমতুল্লেসা হলে ৯ জন এবং জুলাই-৩৬ হলে ৭ জন।

এদিকে, রোকেয়া, জুলাই-৩৬ ও রহমতুল্লেসা হলে নির্বাহী সদস্য পদে ১টি করে মোট ৩টি পদে কেউ মনোনয়নপত্র সংগ্রহ করেননি। ফলে পদগুলো শূন্য থাকবে।

এ বিষয়ে রাকসু, হল সংসদ ও সিনেট ছাত্র প্রতিনিধি নির্বাচনের প্রধান রিটার্নিং কর্মকর্তা প্রফেসর ড. মো. সেতাউর রহমান বলেন, ‘যে পদগুলো শূন্য আছে, সেগুলো ছাড়াই হল সংসদ চলবে। অন্য কোনোভাবে তা পূরণের সুযোগ নেই।’